



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষিই সমৃদ্ধি

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

সরেজমিন উইং

খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫

www.dae.gov.bd

স্মারক নম্বর: ১২.০১.০০০০.০০০.৪০.০৫৫.১২.১৫২৯

তারিখ: ৪ পৌষ ১৪২৮

১৯ ডিসেম্বর ২০২১

বিষয়: আগামী ২০২২-২৩ অর্থ বছরের (জুলাই/২০২২ থেকে জুন/২০২৩ পর্যন্ত) বিভিন্ন প্রকার রাসায়নিক সারের চাহিদা নিরূপন।

সূত্র: সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়ের স্মারক ১২.০০.০০০০.০৩৫.৪০.০০৮.১৮-১৭৮ তাং- ১৩-১২-২০২১ইং মূলে।  
বিগত অর্থ বছরের ন্যায় সংযোজিত ছকপত্র ১,২,৩,৪,৫,৬ ও ৭ নং রোডম্যাপ ছকপত্রের নির্দেশনা অনুকরণে মাঠ পর্যায়ে জরিপের মাধ্যমে ২০২২-২০২৩ (জুলাই/২০২২ থেকে জুন/২০২৩ পর্যন্ত) অর্থবছরের জন্য মৌসুমভিত্তিক বিভিন্ন ফসলের আবাদি জমির ওপর ভিত্তি করে ইউরিয়াসহ বিভিন্ন রাসায়নিক সারের চাহিদা নিরূপন করে ২(দুই) কপি স্পাইরাল বাইন্ডিং, ১ কপি সিডি ও নিম্নবর্ণিত google Link এ ডাটা এন্ট্রি এবং এর সফট কপি ই-মেইলে (forid4728@gmail.com) আগামী ০২-০২-২০২২ইং তারিখের মধ্যে উপ-পরিচালক (সার-ব্যবস্থাপনা), সরেজমিন উইং এর নিকট বিশেষ বাহক মারফত প্রেরণের জন্য নির্দেশ দেয়া গেল। চাহিদা নিরূপনকালীন সময়ে বিগত বছরের ব্যবহার বিবেচনায় রেখে ডিএপি সার ব্যবহার উৎসাহিত করার জন্য ইউরিয়া ও টিএসপি সারের মাত্রা কমিয়ে আনুপাতিকহারে ডিএপি'র মাত্রা বাড়িয়ে চাহিদা নির্ধারণের পরামর্শ প্রদান করা হলো।

উল্লেখ্য যে জেলা/ উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি এবং অন্যান্য সহায়ক এজেন্সীর সহযোগিতা/পরামর্শ নিয়ে জরিপ কাজের প্রতিবেদন যাচাই করতে হবে। কোথাও কোন গড়মিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট সকলকে দায়ী করা হবে।

বিষয়টিকে সর্বোচ্চ অগ্রাধিকার ও গুরুত্ব দিয়ে নিদিষ্ট সময়ের মধ্যে সারের চাহিদা নিরূপন সম্পন্নকরণের বিশেষ নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো। অত্র সংগে সংযুক্ত ৬(ছয়)টি ছকপত্র এবং রোড ম্যাপের ফটোকপিসহ আপনার অঞ্চলের উপ-পরিচালকগণকে অতিসত্বর পত্র প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো। নিদিষ্ট সময়ের মধ্যে প্রতিবেদন দাখিলের নিমিত্ত প্রয়োজনীয় মনিটরিং ও তদারকির জন্যও অনুরোধ করা হলো।

লিংকে ছকপত্র পুরনে সমস্যা হলে - 01913951245, 01834043707 যোগাযোগ করুন।

Google Link :

[https://docs.google.com/spreadsheets/d/1Ubure9a3v\\_dnO0viqf\\_QUF6065GCCaTVwfWWG-PZF8I/edit?usp=sharing](https://docs.google.com/spreadsheets/d/1Ubure9a3v_dnO0viqf_QUF6065GCCaTVwfWWG-PZF8I/edit?usp=sharing)



সংযুক্ত : বর্ণনা মতে - ৭ (সাত) ফর্দ।

১৯-১২-২০২১

মোঃ মিজানুর রহমান

পরিচালক (ভারপ্রাপ্ত)

অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (সকল অঞ্চল)।

ইমেইল: [dfsw@dae.gov.bd](mailto:dfsw@dae.gov.bd)

স্মারক নম্বর: ১২.০১.০০০০.০০০.৪০.০৫৫.১২.১৫২৯/১(৬৩)

তারিখ: ৪ পৌষ ১৪২৮

১৯ ডিসেম্বর ২০২১


সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক (ভারপ্রাপ্ত), সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

২) উপপরিচালক (সকল জেলা), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

৩) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়

- ৪) উপপরিচালক, আইসিটি ব্যবস্থাপনা অধিশাখা , কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৫) অতিরিক্ত উপপরিচালক, কন্ট্রোল রুম , কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫। (সকল অঞ্চলে ই-মেইলে প্রেরণের জন্য)
- ৬) অতিরিক্ত উপপরিচালক , মহাপরিচালকের দপ্তর , কৃষি সম্প্রসারণ অধিদপ্তর



১৯-১২-২০২১

ড. সৈয়দ মোঃ রফিকুল আমিন  
উপপরিচালক